তারিখ: 13 NOV 2015
পৃষ্ঠা ১৮ কলাম ৫

যুগান্তর

বঙ্গবন্ধু বিশ্ববিদ্যালয় কলেজ

# কালিয়াকৈরে ছাত্রলীগের দু'গ্রুপে ধাওয়া-পাল্টাধাওয়া

**কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি**

গাজীপুরের কালিয়াকৈর উপজেলার চন্দ্রা এলাকায় জাতির পিতা বঙ্গবন্ধু বিশ্ববিদ্যালয় কলেজে ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া হয়েছে। বৃহস্পতিবার দুপুরে কলেজে পরীক্ষা চলাকালীন এ ঘটনা ঘটে।

পরিক্ষার্থীরা জানায়, কলেজে অনার্স টেস্ট পরীক্ষা চলাকালীন সময়ে অনার্স ১ম বর্ষ (পুরাতন) পরীক্ষার্থী সজল হালদারের সঙ্গে নতুন পরীক্ষার্থীদের মধ্যে বেঞ্চে বসা নিয়ে বাকবিতণ্ডা হয়। একপর্যায়ে হাতাহাতির ঘটনা ঘটে। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে কলেজ শাখা ছাত্রলীগের সিনিয়র সহসভাপতি গৌতম চন্দ্র দাস দু'পক্ষকে নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে ব্যর্থ হন। পরে শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক সোহান নতুন শিক্ষার্থীকে নিয়ে গৌতমকে আক্রমণ করতে চেষ্টা করেন। এ সময় দু'পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। পরে কালিয়াকৈর থানা পুলিশের এসআই শফিউল আলম ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

এ ব্যাপারে ছাত্রলীগ নেতা গৌতম চন্দ্র দাস বলেন, পরীক্ষার হলে এরকম ঘটনা দুঃখজনক। থামাতে গেলে ওরা আক্রমণ করে।

কলেজ ছাত্রলীগ শাখার সাধারণ সম্পাদক রাকিব মোল্লা বলেন, কলেজে তুচ্ছ ঘটনা নিয়ে সাধারণ ছাত্রদের সঙ্গে ধাওয়া-পাল্টাধাওয়া হয়েছে। এর সঙ্গে ছাত্রলীগের কোনো সম্পর্ক নেই। কলেজের অধ্যক্ষ এসএম খালিদ হোসেন বলেন, 'ঘটনাটি শুনেছি। তখন কলেজে ছিলাম না।'